



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩৮১৬১/৩১৬৭ /চাঁদপুর-৫৯

তারিখ: ২৬.০৯.২০১৯খ্রি.


বিষয়:- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসার সুপার মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: তরিকুল ইসলাম এর বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার নামে ওয়াকফকৃত ০.০৬ শতক জমি ওয়াকফ এস্টেটের অনুমতি ছাড়াই এবং সুপারকে অবগত না করেই ১,৩০,০০০ টাকার মধ্যে নগদ ১,০০,০০০ টাকা উসুলে বিক্রি করে দেন। ইতোমধ্যে সভাপতি সুপারকে জোরপূর্বক দলিলে স্বাক্ষর নেওয়ার চেষ্টা করেছেন মর্মে তিনি অভিযোগে উল্লেখ করেন। এতে রাজি না হওয়ায় সুপার ও নবনিয়োগ প্রাপ্ত অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরকে মাদ্রাসার হাজিরা খাতায় স্বাক্ষর দিতে দেননি বলে অভিযোগে আরও উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার,
কচুয়া, চাঁদপুর

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩৮১৬১/

/চাঁদপুর-৫৯

তারিখ: ০৯.২০১৯খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার কচুয়া, চাঁদপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কচুয়া, চাঁদপুর;
৫. সুপার/সভাপতি, ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা কচুয়া, কল্পবাজার;
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪